| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর, পদবি ও নিজ জেলা | বর্তমান কর্মস্থল | বদলী/পদায়নকৃত কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | মোছাঃ মোরশেদা খাতুন (১৬৮৭৫), সহকারী কমিশনার (ভূমি) নিজ জেলা-রংপুর | উপজেলা ভূমি অফিস দুপচাঁচিয়া, বগুড়া | উপজেলা ভূমি অফিস শেরপুর, বগুড়া | - |
| ২. | বেগম ফারজানা খানম (১৬৮৯০), সহকারী কমিশনার (ভূমি) নিজ জেলা-রাজশাহী | উপজেলা ভূমি অফিস বাগাতিপাড়া, নাটোর | উপজেলা ভূমি অফিস সদর, নাটোর | - |

২। বর্ণিত কর্মকর্তাকে নিজ এখতিয়ারাধীন এলাকায় সার্টিফিকেট মামলা পরিচালনার জন্য সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারা মোতাবেক সার্টিফিকেট অফিসারের ক্ষমতা প্রদান করা হল।

৩। বর্ণিত কর্মকর্তা অনতিবিলম্বে বদলিকৃত কর্মস্থলে যোগদান করবেন।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আব্দুল হান্নান**
বিভাগীয় কমিশনার।

---

**আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৭ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ

**নং ১৩.০৭.০০০০.০০২.১৯.১৩২.১৫.৩০৬৫(১৬)**—নিম্নোক্ত খাদ্য পরিদর্শকগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত স্থানে বদলীপূর্বক পদায়ন করা হলো:—

১ মোঃ আব্দুল আওয়াল, খাদ্য পরিদর্শক তথা ভারপ্রাপ্ত কর্মকর্তা, সিলেট সদর এল.এস.ডি, সিলেট—রাখালগঞ্জ টিপিসি সংযুক্তিতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট সদর, সিলেট।

২ জনাব মনোয়ার হোসেন, খাদ্য পরিদর্শক তথা ভারপ্রাপ্ত কর্মকর্তা, কানাইঘাট এল.এস.ডি, সিলেট—খাদ্য পরিদর্শক তথা ভারপ্রাপ্ত কর্মকর্তা, সিলেট সদর এল.এস.ডি, সিলেট।

৩ জনাব বিশ্বজিৎ সাহা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ধর্মপাশা—খাদ্য পরিদর্শক তথা ভারপ্রাপ্ত কর্মকর্তা, কানাইঘাট এল.এস.ডি, সিলেট।

এ আদেশ অবিলম্বে কার্যকরী হবে। উল্লেখ্য, এ আদেশ তাদের আবেদনের প্রেক্ষিতে হওয়ায় কোন টি.এ/ডি.এ দাবী করতে পারবেন না।

**মোঃ আনিসুজ্জামান**
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক।

---

**আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম**

**আদেশ**

তারিখ, ২১ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ

**নং ১৩.০৩.০০০০.০০২.১৯.০০৯.১৫.৫৩৫৩/১(৬)**—খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের ১৫-১২-২০১৬ তারিখের ১৫৬২ নং স্মারকে লক্ষ্মীপুর জেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তরের কারিগরি খাদ্য পরিদর্শক জনাব অসীম সরকার এর খাদ্য পরিদর্শক পদে পদ পরিবর্তনপূর্বক বিস্তারিত পদায়নের জন্য অত্র দপ্তরের অধীনে ন্যস্ত করা হয়। জেলা খাদ্য নিয়ন্ত্রক, লক্ষ্মীপুর এর ১৮-১২-২০১৬ তারিখের ১৪০৭ নং স্মারকে বর্ণিত খাদ্য পরিদর্শকের যোগদানপত্র অত্র দপ্তরে প্রেরণ করায় তাকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, নোয়াখালী এর অধীনে খাদ্য পরিদর্শকের শূন্য পদে বদলি করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আবদুল কাদির**
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক।

---

**খাদ্য অধিদপ্তর**
**প্রশাসন বিভাগ**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৫ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ

**নং ১৩.০১.০০০০.০৩১.১৯.০০৩.১৫.১৫৬২(১৫)**—জেলা খাদ্য নিয়ন্ত্রক, লক্ষ্মীপুর এর অধীনে কর্মরত কারিগরি খাদ্য পরিদর্শক জনাব অসীম সরকার তার আবেদনের প্রেক্ষিতে কারিগরি খাদ্য পরিদর্শকের সমমানের পদ খাদ্য পরিদর্শক পদে পদ পরিবর্তনপূর্বক বিস্তারিত পদায়নের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর অধীনে ন্যস্ত করা হলো। তিনি সরকারি টিএ/ ডিএ পাবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৯ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ

**নং ১৫৭৪**—জনাব মোঃ মিজানুর রহমান, খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, চৌহালী, সিরাজগঞ্জকে তার আবেদনের প্রেক্ষিতে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা এর অধীনে বদলি করা হলো। তিনি সরকারি টিএ/ডিএ পাবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২১ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ

**নং ১৬০৫**—জনাব মোহাম্মদ ফয়সাল আহমেদ, খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, শাল্লা, সুনামগঞ্জ সংযুক্তি-তদন্ত ও মামলা শাখা, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকার সংযুক্তি আদেশ বহাল রেখে তার আবেদনের প্রেক্ষিতে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা এর অধীনে বদলি করা হলো। এ বদলির জন্য তিনি কোন সরকারী টিএ/ডিএ পাবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৮ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ

**নং ১৫৬৮**—জনাব মোহাম্মদ মোহাইমিনুল ইসলাম ভূঞা, খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বিশ্বনাথ, সিলেটকে তার আবেদনের প্রেক্ষিতে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা এর অধীনে বদলী করা হলো। তিনি সরকারী টিএ/ডিএ পাবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৯ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ

**নং ১৫৭৬**—জনাব নীতিশ চন্দ্র দাস, খাদ্য পরিদর্শক, শাহগলি বাজার টিপিসি সংযুক্তিতে-উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, জকিগঞ্জ, সিলেটকে তার আবেদনের প্রেক্ষিতে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা এর অধীনে বদলী করা হলো। এ বদলির জন্য তিনি কোন সরকারী টিএ/ডিএ পাবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ১৩.০১.০০০০.০৩১.১৯.০৪৮.১৬-১৫৭৭**—জনাব দেওয়ান মোঃ আতিকুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চঃদাঃ), নাচোল, চাঁপাইনবাবগঞ্জকে তার আবেদনের প্রেক্ষিতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চঃদাঃ), শিবগঞ্জ, বগুড়া পদে বদলি করা হল।

তিনি কোন সরকারী টিএ/ডিএ প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ১৩.০১.০০০০.০৩১.১৯.০২৯.১২-১৫৮২**—জনাব মোহাম্মদ শহীদুল্লাহ, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চঃদাঃ), পীরগঞ্জ, রংপুরকে তার আবেদনের প্রেক্ষিতে খাদ্য অধিদপ্তরে সহকারী উপ-পরিচালক (চঃদাঃ) পদে বদলি করা হল।

তিনি কোন সরকারী টিএ/ডিএ প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২১ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ

**নং ১৩.০১.০০০০.০৩১.১৯.০৫৫.১২-১৬০৭**—জনাব মোঃ আইউব আলী, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চঃদাঃ), মহেশখালী, কক্সবাজারকে তার আবেদনের প্রেক্ষিতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চঃদাঃ), রামু, কক্সবাজার পদে বদলি করা হল।

তিনি কোন সরকারী টিএ/ডিএ প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মামুন আল মোর্শেদ চৌধুরী**
উপ-পরিচালক (সংস্থাপন)।

---

**তথ্য অধিদফতর**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ

**নং ১৫.৫২.০০০০.০১১.১৮.০১৩.১৪-৩৫৯৬**—বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়-এর ০৮-১২-২০১৬ তারিখের ৮০.০০.০০০০.১০২.১২.০১৬.১৪-৩১৭ নম্বর পত্রের সুপারিশ এবং তথ্য মন্ত্রণালয়ের ১৫-১২-২০১৬ তারিখের ১৫.০০.০০০০.০২৫.০১২.৩০.১৫-৪২৩ নম্বর পত্রের পরিপ্রেক্ষিতে তথ্য অধিদফতরের নিম্নবর্ণিত কর্মচারীদের ১৬,০০০-৩৮,৬৪০/-টাকা বেতনস্কেলে (২য় শ্রেণির পদে) পদোন্নতি প্রদান করা হলো:

| ক্রমিক নং | নাম ও পদবী | পদোন্নতিকৃত পদের নাম ও বেতন স্কেল |
|---|---|---|
| ০১ | জনাব মো. শাহ আলম<br>সরকার প্রধান সহকারী | ক্রয় কর্মকর্তা<br>১৬,০০০-৩৮,৬৪০/- |
| ০২ | জনাব মো. সোহরাব হোসেন<br>উচ্চমান সহকারী | প্রশাসনিক কর্মকর্তা<br>১৬,০০০-৩৮,৬৪০/- |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**এ কে এম শামীম চৌধুরী**
প্রধান তথ্য অফিসার।

---

**জাতীয় সঞ্চয় অধিদপ্তর**

**অফিস আদেশ**

তারিখ, ০৭ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/২১ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ০৮.০৪.০০০০.০০৬.১৯.০১৪.১৩.৩১১৮**—জাতীয় সঞ্চয় অধিদপ্তরের E-governance সম্পর্কিত সংস্কার ও উন্নয়ন বিষয়ক কর্মকান্ড তরান্বিত করার লক্ষ্যে পরিচালক (বাজেট) এর তত্ত্বাবধানে "পরিকল্পনা ও উন্নয়ন" নামে একটি স্বতন্ত্র সেল চালু করা হলো। প্রধান কার্যালয়ে কর্মরত উপ-পরিচালক (পলিসি) পরিকল্পনা ও উন্নয়ন সেলের সার্বিক দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**বাবলু কুমার সাহা**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)।

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ ডিসেম্বর ২০১৬

**নং ২(১০)/ঢাকা উত্তর/জঃপ্রঃ/সদর/১/২০১০/অংশ-১/১০২৩**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা'র আওতাধীন ময়মনসিংহ সার্কেল-২ (অতিরিক্ত দায়িত্বঃ ময়মনসিংহ সার্কেল-১) এ কর্মরত রাজস্ব কর্মকর্তা (চঃদাঃ), জনাব মোঃ আমিরুল ইসলাম (জন্ম তারিখ ০৫-১২-১৯৫৯ খ্রিঃ)-কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে ময়মনসিংহ সার্কেল-৩ এর দায়িত্ব পালনের নির্দেশ দেয়া হলো। তিনি সংশ্লিষ্ট সার্কেলের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ খায়রুল কবির মিয়া**
যুগ্ম কমিশনার
কমিশনারের পক্ষে।

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট**

**আদেশ**

তারিখ, ১৯ ডিসেম্বর ২০১৬

নং **২য়/ইটি-৭(২)/বদলী/সিঃকমিঃ/২০১১/(অংশ-১)৩৮১৩**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেটের অধিক্ষেত্রাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, সিলেটের সহকারী রাজস্ব কর্মকর্তা জনাব সুজল কুমার দত্ত এর অসুস্থতাজনিত কারণে তার পরিবর্তে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, সিলেটে কর্মরত সহকারী রাজস্ব কর্মকর্তা জনাব মিলন মধু-কে তার নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে সিলেট বিভাগীয় শুল্ক গুদামের দায়িত্ব পালনের আদেশ প্রদান করা হলো এবং সদর দপ্তর প্রেষণে সমন্বয় সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকায় কর্মরত সুকান্ত দাশ-কে বড়ছড়া স্থল শুল্ক স্টেশন প্রেষণে সমন্বয় সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকায় বদলী পদস্থ করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ শফিকুল ইসলাম**
কমিশনার।

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী**
**উপশহর, রাজশাহী**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ ডিসেম্বর ২০১৬

**নং ২-৭(১)/ইটি/সদর/অংশ-২/৯৮/৪২১৭**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহীতে কর্মরত নিম্নবর্ণিত কর্মকর্তাগণ-কে তাঁদের নামের পার্শ্বে ৫নং কলামে বর্ণিত কর্মস্থলে বদলী/পদস্থ করা হলো:

| ক্রঃ নং | নাম | পদবী | বর্তমান কর্মস্থল | পদায়ন/ বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | জনাব মোঃ শাফায়েত হোসেন | উপ কমিশনার (চলতি দায়িত্ব) | সদর দপ্তর, রাজশাহী | সদর দপ্তর, রাজশাহী অতিরিক্ত দায়িত্ব কাস্টমস, একক্সাইজ ও ভ্যাট বিভাগ, চাঁপাইনবাবগঞ্জ |
| ২ | জনাব সাইদুল আলম | সহকারী কমিশনার | সোনা মসজিদ স্থল শুল্ক স্টেশন অতিরিক্ত দায়িত্ব কাস্টমস, একক্সাইজ ও ভ্যাট বিভাগ, চাঁপাইনবাবগঞ্জ | সোনা মসজিদ স্থল শুল্ক স্টেশন |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ মোয়াজ্জেম হোসেন**
কমিশনার (চলতি দায়িত্ব)।

**কারা অধিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৮ ডিসেম্বর ২০১৬

**নং ৪৪.০৭.০০০০.০২২.০২.০০৫.১৬-১০৩২**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিম্নোক্ত কর্মকর্তাগণকে (জেলার) তাঁদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে বদলী/পদায়ন করা হলো। তাদেরকে বদলীকৃত কর্মস্থলে সত্বর যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হলো:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | বর্তমান কর্মস্থল | বদলি/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | ****** | ***** | ***** |
| ২ | জনাব আবু সায়েম জেলার | গোপালগঞ্জ জেলা কারাগার | সিলেট কেন্দ্রীয় কারাগার |
| ৩ | ****** | ***** | ***** |
| ৪ | জনাব মোহাম্মদ আতিকুর রহমান জেলার (চঃদাঃ) | নোয়াখালী জেলা কারাগার | গোপালগঞ্জ জেলা কারাগার |

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**সৈয়দ ইফতেখার উদ্দীন**
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরির্দশক।

## কারিগরি শিক্ষা অধিদপ্তর

### অফিস আদেশ

তারিখ, ২৭ নভেম্বর ২০১৬

**নং ৩৭.০৩.০০০০.০১০.১৩.০৩২.১৬(ন-৩২, পার্ট-৪)/৮৩৯**—কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউটের চিফ ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল), জনাব বরুন কুমার দত্ত-এর এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ ০১-০১-১৯৫৮ হওয়ায় আগামী ৩১-১২-২০১৬ তারিখে তার বয়স ৫৯ বছর পূর্ণ হবে। Public Servants (Retirement) (Amendment Ordnance, 2011) এবং অর্থ বিভাগের ০৬-০৪-২০১০ তারিখের অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩)/৬২ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী ৩১-১২-২০১৬ তারিখে সরকারি চাকুরী হতে অবসর গমন কার্যকর হবে। সে মোতাবেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে ৩১-১২-২০১৬ তারিখে অবসর গমনের অনুমতিসহ ০১-০১-২০১৭ তারিখ হতে ৩১-১২-২০১৭ তারিখ পর্যন্ত ০১(এক) বছর অবসরোত্তর ছুটি (পিআরএল) এবং ১৮ মাসের এককালীন আর্থিক সুবিধা (ল্যাম্প-গ্রান্ট) মঞ্জুরীর জন্য প্রস্তাব পাওয়া গিয়াছে।

২। ইএলপিসি অনুযায়ী তাঁর অনুকূলে পূর্ণ গড় বেতনে ৭৩৮ দিন এবং অর্ধগড় বেতনে ৯৮৭ দিন ছুটি জমা আছে। অর্ধগড় বেতনের ছুটিকে পূর্ণগড় বেতনে রূপান্তর করা হলে (৯৮৭÷২)=৪৯৩ দিন হয়। উভয় ছুটি একত্র করা হলে পূর্ণগড় বেতনে তাঁর অর্জিত ছুটির পরিমাণ হয় মোট (৭৩৮+৪৯৩)=১২৩১ দিন বা ৩ বছর ৪ মাস ১৬ দিন। উক্ত ছুটি হতে ০১-০১-২০১৭ তারিখ হতে ৩১-১২-২০১৭ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর বা ৩৬৫ দিন অবসরোত্তর ছুটি মঞ্জুর করা হলে অবশিষ্ট ছুটি থাকে (১২৩১-৩৬৫)=৮৬৬ দিন বা ২ বছর ৪ মাস ১৬ দিন।

৩। ইএলপিসি অনুযায়ী তাঁর মূল বেতন নির্ধারণ হয়েছে ৪১,১১০ টাকা। ছুটির হিসাব অনুযায়ী তাঁর অনুকূলে পূর্ণ গড় বেতনে ১৮ (আঠার) মাসের অধিক ছুটি থাকায় তিনি ১৮ মাসের এককালীন আর্থিক সুবিধা (ল্যাম্পগ্রান্ট) বাবদ সর্বমোট (৪১,১১০×১৮ মাস)=৭,৩৯,৯৮০ (সাত লক্ষ উনচল্লিশ হাজার নয়শত আশি) টাকা প্রাপ্য।

৪। এমতাবস্থায়, জনাব বরুন কুমার দত্তকে ৩১-১২-২০১৬ তারিখে অবসর গমনের অনুমতিসহ ০১-০১-২০১৭ তারিখ হতে ৩১-১২-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১(এক) বছর অবসরোত্তর ছুটি (পিআরএল) ও ১৮ মাসের এককালীন আর্থিক সুবিধা (ল্যাম্পগ্রান্ট) বাবদ ৭,৩৯,৯৮০ (সাত লক্ষ উনচল্লিশ হাজার নয়শত আশি) টাকা মঞ্জুরী প্রদান করা হলো।

৫। এ আদেশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**ড. শেখ আবু রেজা**
পরিচালক (পরিঃ ও উন্নঃ)
ও
পরিচালক [প্রশাসন (রুটিন দায়িত্ব)]।

---

## বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ১৪ ডিসেম্বর ২০১৬

**নং বিআরটিএ/৩২এ/৯৩-৮৫**—মোটরযান অধ্যাদেশ ১৯৮৩ এর ৫৪(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে নিম্নলিখিত ব্যক্তিবর্গের সমন্বয়ে রাজবাড়ী জেলার রিজিওনাল ট্রান্সপোর্ট কমিটি পুনর্গঠন করা হলো:

**চেয়ারম্যান**

১ জেলা প্রশাসক, রাজবাড়ী।

**সদস্যবৃন্দ**

২ অতিরিক্ত পুলিশ সুপার, রাজবাড়ী।

৩ নির্বাহী প্রকৌশলী/উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, রাজবাড়ী।

৪ মেয়র, রাজবাড়ী পৌরসভা, রাজবাড়ী।

৫ জনাব কাজী ইরাদত আলী, পিতা মরহুম কাজী হেদায়েত হোসেন, সভাপতি, রাজবাড়ী জেলা সড়ক পরিবহন মিনি বাস মালিক গ্রুপ, রাজবাড়ী (যাত্রীবাহী সড়ক পরিবহন মালিক সমিতির প্রতিনিধি)।

৬ জনাব মোঃ রকিবুল ইসলাম পিন্টু, পিতা মরহুম ডাঃ আব্দুল রহমান মৃধা, সভাপতি, রাজবাড়ী জেলা সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়ন, রাজবাড়ী (যাত্রীবাহী সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়ন এর প্রতিনিধি)।

৭ জনাব এ.কে.এম. শফিকুল মোরশেদ, পিতা মৃত গওহার উদ্দিন, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), পাংশা বিশ্ববিদ্যালয় কলেজ, পাংশা, রাজবাড়ী (যানবাহন ব্যবসার বহির্ভূত গণ্যমান্য ব্যক্তি)।

৮ জনাব মোহাম্মদ আলী, পিতা মৃত ওহেদ আলী, কমান্ডার, রাজবাড়ী জেলা মুক্তিযোদ্ধা সংসদ, রাজবাড়ী (যানবাহন ব্যবসার বহির্ভূত গণ্যমান্য ব্যক্তি)।

**সদস্য-সচিব**

৯ সহকারী পরিচালক (ইঞ্জিঃ)/মোটরযান পরিদর্শক, বিআরটিএ, রাজবাড়ী।

২। এ কমিটি মোটরযান অধ্যাদেশ, ১৯৮৩-তে বর্ণিত এবং সময়ে সময়ে সরকারি প্রজ্ঞাপন দ্বারা অর্পিত দায়িত্ব পালন ও বিধিবদ্ধ ক্ষমতা প্রয়োগ করবেন।

৩। এ কমিটির বেসরকারি সদস্যদের কার্যকাল দায়িত্বভার গ্রহণের তারিখ হতে ০৩(তিন) বছর পর্যন্ত বহাল থাকবে।

৪। ইতি:পূর্বে গঠিত রাজবাড়ী জেলার রিজিওনাল ট্রান্সপোর্ট কমিটি এতদ্বারা রহিত করা হলো।

তারিখ, ১৫ ডিসেম্বর ২০১৬

**নং বিআরটিএ/৪৪এ/৮৯-৫০৬১**—যেহেতু, জনাব মোঃ আব্দুল কুদ্দুছ, সহকারী পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, রংপুর সার্কেল, রংপুর ইতিপূর্বে বিআরটিএ নারায়ণগঞ্জ সার্কেলে কর্মরত ছিলেন;

যেহেতু, বিআরটিএ নারায়ণগঞ্জ সার্কেলের মূল নথি না থাকা ৯৭৫টি গাড়ির কার্যক্রম নিষিদ্ধ থাকা সত্ত্বেও তিনি বেশ কিছু গাড়ির বিভিন্ন মেয়াদে রুট পারমিট ইস্যু/নবায়ন করেন;

যেহেতু, এ বিষয়ে তাকে গত ১৭-১২-২০১৪ খ্রি: তারিখের ৩৫.০৩.০০০০.০০০১.০০১.০৬২.২০১৪-৩৪৯৬ নং স্মারকমূলে কারণ দর্শাতে বলা হলে তিনি গত ০১-০১-২০১৫ খ্রি: তারিখে জবাব প্রেরণ করেন;

যেহেতু, তার দাখিলকৃত জবাব কতৃপক্ষের নিকট সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়নি;

যেহেতু, তার উপরোক্ত আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ২(এফ) বিধি অনুযায়ী অসদাচরণের সামিল এবং একই বিধিমালার ৩(বি) বিধি অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে অভিযুক্ত করে অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে লিখিত বক্তব্যের মাধ্যমে আত্মপক্ষ সমর্থনে এবং কেন তাকে সরকারি চাকরি হতে এই বিধির ৪(৩)(ডি) বিধি মোতাবেক বরখাস্ত করা বা এই বিধি মোতাবেক অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, তার কারণ দর্শাতে নির্দেশ দেয়া হয়। তাকে আরও নির্দেশ দেয়া হয় যে, তিনি নির্দিষ্ট সময়ে আত্মপক্ষ সমর্থনে লিখিত বক্তব্যের পাশাপাশি ব্যক্তিগত শুনানী দানে আগ্রহী কিনা অথবা তিনি তার বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য/সাক্ষী উপস্থাপন করতে চান কিনা;

যেহেতু, তিনি অসুস্থতাজনিত কারণ প্রদর্শন করে জবাব দাখিলের নিমিত্তে সময় বৃদ্ধি আবেদন করায় গত ২৩-০২-২০১৫ খ্রিঃ তারিখ থেকে ০৭ কর্মদিবস সময় বৃদ্ধি করা হয়। তিনি গত ০২-০৩-২০১৫ খ্রিঃ তারিখে অভিযোগের জবাব দাখিল করেন। জবাবে ব্যক্তিগত শুনানীর ইচ্ছা ব্যক্ত করায় গত ১২-০৩-২০১৫ খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। অতঃপর বিভাগীয় মামলাটি তদন্তের জন্য এ অথরিটির নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব দেবাশীষ নাগকে গত ১৬-০৩-২০১৫ খ্রিঃ তারিখে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা গত ১৫-১২-২০১৫ খ্রিঃ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধিতে বর্ণিত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদনে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধির অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযুক্তকে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। সে মোতাবেক অভিযুক্ত কর্মকর্তার গত ১৯-০১-২০১৬ খ্রিঃ তারিখে দাখিলকৃত ২য় কারণ দর্শানোর জবাব এবং সংশ্লিষ্ট কাগজাদি পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধিতে বর্ণিত অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করে তার বর্তমান বেতন ৯ম গ্রেড থেকে ১০ম গ্রেডে অবনমিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু, জনাব মোঃ আব্দুল কুদ্দুছ সহকারী পরিচালক (ইঞ্জিঃ) এর এ হেন অপরাধের জন্য তাকে কর্তৃপক্ষ কর্তৃক "নিম্ন বেতনস্কেলে অবনমিতকরণের" গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত পোষণ করে;

সেহেতু, এক্ষণে, ৩/২০১৫ নং বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধিতে বর্ণিত অসদাচরণের অভিযোগে উক্ত বিধিমালার ৪(৩)(এ) বিধি মোতাবেক জনাব মোঃ আব্দুল কুদ্দুছ সহকারী পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, রংপুর সার্কেল, রংপুরকে ৯ম গ্রেড হতে ১০ম গ্রেডে ১(এক) বছরের জন্য অবনমিত করা হলো। ১০ম গ্রেডে তার বেতনের ধাপ হবে ২১,৪৭০/- (একুশ হাজার চারশত সত্তর) টাকা। দণ্ডাদেশের মেয়াদ পুর্তিতে তিনি ভবিষ্যত বার্ষিক বেতন বৃদ্ধির সুবিধা প্রাপ্য হবেন। তিনি পরবর্তীতে পদোন্নতি লাভ করলে বা পুনর্বহাল হলে পদাবনমিত এর পূর্ববর্তী চাকরিকাল পদোন্নতি প্রাপ্ত/পুনর্বহালকৃত পদে বার্ষিক বর্ধিত বেতন প্রাপ্তির জন্য গণনা করা হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল-যা অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ নজরুল ইসলাম**
চেয়ারম্যান।

**জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল**
**সংস্থাপন শাখা**

**অফিস আদেশ**

তারিখ, ০৪ পৌষ ১৪২৩/১৮ ডিসেম্বর ২০১৬

**নং ০৫.৩০.৯৩০০.০০৬.৩১.০৩১.১৬-৮৪৪**—এ জেলা প্রশাসনের অধিনস্থ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, টাঙ্গাইল সদরে কর্মরত জনাব মোঃ রফিকুল ইসলাম প্রশাসনিক কর্মকর্তা-এর জন্ম তারিখ ০১-০১-১৯৫৮ খ্রি.। তদনুযায়ী ৩১-১২-২০১৬ খ্রি. তারিখে তাঁর বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে বিধায় গণকর্মচারী অবসর আইন, ১৯৭৪ এর ৪ ধারা [Public Servant (Retirement) (Amendment) Ordinance, ২০১১ দ্বারা সংশোধিত] ও ৭ ধারা এবং জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১০(২) (ক) নম্বর অনুচ্ছেদ মোতাবেক বার্ধক্যজনিত কারণে তাঁকে—

ক) ৩১-১২-২০১৬ খ্রি. তারিখ অপরাহ্নে সরকারি চাকুরী হতে অবসর গ্রহণ,

খ) ০১-০১-২০১৭ খ্রি. হতে ৩১-১২-২০১৭ খ্রি. পর্যন্ত ১২(বার) মাস পূর্ণ গড় বেতনের অবসর-উত্তর ছুটি (Post Retirement Leave P.R.L) ও

গ) জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১০(২)(খ) নম্বর অনুচ্ছেদ মোতাবেক তাঁর অবসর-উত্তর ছুটি (Post Retirement Leave-P.R.L) ব্যতীত গড় বেতনে ও অর্ধ গড় বেতবে পাওনা অর্জিত ছুটির বিরপীতে ১৮(আঠার) মাসের মূল বেতনের সম-পরিমাণ অর্থ নগদায়ন বা এককালীন (লাম্পগ্রান্ট) প্রাপ্তির মঞ্জুরী প্রদান করা হলো।

২। উল্লেখ্য, জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী উক্ত কর্মচারীর ০১ জুলাই ২০১৬ তারিখে ধার্যকৃত গ্রেড স্কেল ৮ ও মাসিক মূল বেতন=৩৪,০১০/- (চৌত্রিশ হাজার দশ) টাকা এবং তাঁর পূর্ণ গড় বেতনে ০২ (দুই) বছর ০৮ (আট) মাস ১১ দিন ও অর্ধ গড় বেতনে ০৩ (তিন) বছর ০২ (দুই) মাস ১৭ (সতের) দিন অর্জিত ছুটি পাওনা রয়েছে।

৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০১ জানুয়ারি ২০১৫ তারিখের ০৫.০০.০০০০.১১২.১৮.০২৮.০৭.০২ নম্বর স্মারকে প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো।

**মোঃ মাহবুব হোসেন**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা**
**এল. এ শাখা**
**অধিগ্রহণের ঘোষণা/গেজেট বিজ্ঞপ্তি ১১(২) ধারার অধীনে**
**২০১৫ সনের সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ**
**মামলা নং ০৬/২০১৫-২০১৬**
**ফরম 'ঘ'**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**
**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী ১৯৮২ সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ ইং সনের ২ নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্মত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজা: ঢাকারগাঁও, জে এল নং: ১৬৫, উপজেলা: দাউদকান্দি, জেলা: কুমিল্লা।

| খতিয়ান নং | দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একর) | রেকর্ডীয় শ্রেণি | প্রস্তাবিত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|
| ১৪৯ | ৬৭ | ০.২৭০০ | নাল | ০.২৭০০ |
| | ৬৮ | ০.৩৬০০ | নাল | ০.৩৬০০ |
| | ৬৯ | ০.৫২০০ | নাল | ০.৫২০০ |

মোট জমির পরিমাণ = ১.১৫০০ একর

**মোঃ আসাদুজ্জামান**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**১৯৮২ সনের (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ মামলা নং ০১/২০১৫-২০১৬**
**ফরম -ঘ**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**
**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি ফেনী জেলার ফেনী সদর উপজেলাধীন হাইওয়ে থানার অফিস কাম-ব্যারাক ভবনসহ অন্যান্য স্থাপনা নির্মাণ প্রকল্প এর অনুকূলে বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ ইং সনের ২ নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্মত্তি বাধ্যতামূলকভাবে প্রত্যাশী সংস্থার অনুকূলে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা: ফেনী, উপজেলা-ফেনী সদর, মৌজা-দেবীপুর, জে. এল নং ৬৪।

| খতিয়ান নং (এস. এ) | এস. এ দাগ | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ২২৮ | ১৫৭৯ | ০.০৭০০ |
| ২২৮, ২৩৮, ১৯৮ | ১৫৮০ | ০.৬২৩৪ |
| ১৯৮, ২৩৮ | ১৫৮২ | ০.০৩৫৩ |
| ১৯৮, ২৩৮ | ১৫৮৩ | ০.০২৯০ |
| ৩৫২, ৫৫১ | ৫৬৭ | ০.০৬১২ |
| ৩৮২ | ৫৬৮ | ০.১৭০০ |

মোট জমির পরিমাণ = ০.৯৮৮৯ একর

**মোঃ আমিন উল আহসান**
জেলা প্রশাসক।

**জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম**
**সংস্থাপন শাখা**

**অফিস আদেশ**

তারিখ, ১৮ ডিসেম্বর ২০১৬

**নং ০৫.৪২.১৫০০.২০৩.৬৫.০২৮.১৬-১০১৬**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪.০৮.২০১৬ তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯. ০০১.১৫ (অংশ-১)-২৪০ নং প্রজ্ঞাপনমূলে জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম (১৫২৬০), উপজেলা নির্বাহী অফিসার, সন্দ্বীপ, চট্টগ্রাম-কে অতিরিক্ত জেলা প্রশাসক, রাংগামাটি পার্বত্য জেলা হিসেবে পদায়ন করায় উক্ত পদে যোগদানের নিমিত্ত তাঁকে ১৯-১২-২০১৬ তারিখ অপরাহ্নে বর্তমান পদ ও কর্মস্থল হতে অবমুক্ত করা হলো। তিনি উপজেলা নির্বাহী অফিসার, সীতাকুণ্ড, চট্টগ্রাম এর নিকট দায়িত্ব হস্তান্তর করবেন।

**মোঃ সামসুল আরেফিন**
জেলা প্রশাসক।

**জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা।**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**পুনঃ গ্রহণ (রিজিউম) এর ঘোষণাপত্র**
**পুনঃ গ্রহণ (রিজিউম) কেস নং-০৩/২০১৬**

যেহেতু, নিম্নতফসিল বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সনের (জরুরী) সম্পত্তি হুকুম দখল আইনে আলমডাঙ্গা উপজেলাধীন ১০২ নং জামজামী মৌজায় এল.এ ৮৪/৬১-৬২ ও ১০৯/৬২-৬৩ নং কেসে অধিগ্রহণকৃত আর.এস ১২৭০ নং দাগে ১.৮৬ একর এবং ৩৮২৩ নং দাগে ১৫.৪৮ একর সর্বমোট ১৭.৩৪ একর জমি দীর্ঘদিন অব্যবহৃত অবস্থায় আছে। অধিগ্রহণের পর দীর্ঘদিন অতিবাহিত হলেও প্রত্যাশী সংস্থা উক্ত জমি ইপ্সিত প্রকল্পের জন্য ব্যবহার করেনি এবং যেহেতু ভূমি মন্ত্রণালয়ের ২৬-১০-৯৪ খ্রিঃ তারিখের ভূঃমঃ/শা-১০/হুঃদঃ/সাধারণ-১/৯৪/৩৪৫(৬৪) একুইন ও ১০-০২-২০১৬ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৪৭.৪৭.০০৮-২৬ নং স্মারকের নির্দেশনামতে অধিগ্রহণকৃত সম্পত্তি প্রত্যাশী সংস্থার প্রয়োজন না থাকলে ভূমি মন্ত্রণালয়ের মাধ্যমে অন্য সংস্থার অনুকূলে হস্তান্তরের লক্ষ্যে জেলা প্রশাসকের বরাবরে হস্তান্তরের নির্দেশনা থাকলেও তা প্রতিপাদন করা হয়নি।

এবং যেহেতু প্রত্যাশী সংস্থা বর্ণিত জমি প্রয়োজন না থাকা সত্ত্বেও স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল-১৯৯৭ এর ৭৮নং অনুচ্ছেদ এর নির্দেশনা অনুযায়ী জেলা প্রশাসকের নিকট সমর্পণ করেনি এবং যেহেতু উপজেলা নির্বাহী অফিসার, আলমডাঙ্গা ০৪-১০-২০১৬ খ্রিঃ তারিখের ৩১.৪৪.১৮০৭.০০০.৪৪.০১৭.১৬.১০৩৫ নং স্মারকে অব্যবহৃত ১৭.৩৪ একর জমি পুনঃগ্রহণ (রিজিউম) এর জন্য সুপারিশ করেছেন।

সেহেতু, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ-১৯৮২ (অধ্যাদেশ-২/১৯৮২) এর ১৭নং ধারা, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল-১৯৯৭ এর ৭৮ নং অনুচ্ছেদ এর নির্দেশনা এবং ভূমি মন্ত্রণালয়ের ২৬-১০-৯৪ খ্রিঃ তারিখের ভূঃমঃ/শা-১০/হুঃদঃ/ সাধারণ-১/৯৪/৩৪৫(৬৪) একুইন ও ১০-০২-২০১৬ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৪৭.৪৭.০০৮-২৬ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী চুয়াডাঙ্গা জেলাধীন আলমডাঙ্গা উপজেলার নিম্নতফসিলভুক্ত ১৭.৩৪ একর অব্যবহৃত জমি জনস্বার্থে পুনঃগ্রহণ (রিজিউম) করা হলো।

**তফসিল**

| জেলা | উপজেলা | মৌজা ও জে.এল. নং | আর.এস খতিয়ান নং | দাগ নং আর.এস | রিজিউমকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|---|---|
| চুয়াডাঙ্গা | আলমডাঙ্গা | জামজামী | ২ | ১২৭০ | ১.৮৬ |
| | | ১০২ | | ৩৮২৩ | ১৫.৪৮ |
| | | | সর্বমোট | ১৭.৩৪ | একর |

**সায়মা ইউনুস**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ**
**ভূমি অধিগ্রহণ শাখা**
**এল এ কেস নং : ২০/২০১৫-১৬**
**ফরম "ঘ"**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**
**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে এবং তদনুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের II নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া অনুমিত হইতেছে ;

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ নং ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামুলকভাবে অধিগ্রহণ করা হইল এবং উহা সর্বপ্রকার দায়-দায়িত্বমুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজাঃ গাড়ুদহ, জে, এল, নং ৪১, উপজেলাঃ সিরাজগঞ্জ সদর, জেলাঃ সিরাজগঞ্জ।

| দাগ নং (আর এস) | | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৪২২ | আং | ০.০২০০ |
| ৪২৩ | " | ০.০২০০ |
| ৪৪৫ | " | ০.০১৫০ |
| ৬২৬ | " | ০.০৩৫০ |
| ৬২৭ | " | ০.০১০০ |
| ৬২৯ | " | ০.০০৫০ |
| ৬৩০ | পূর্ণ | ০.০২০০ |
| ১৪৪৫ | আং | ০.০৭০০ |
| ১৪৫২ | " | ০.১৪৫০ |
| ১৪৫৩ | " | ০.০৬০০ |
| সর্ব মোট = | | ০.৪০০ |

ভূমি নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ এর এল এ শাখায় দেখা যাইতে পারে।

**মোহাম্মদ শামীম আলম**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ**
**এল এ শাখা**
**অধিগ্রহণ কেস নং-০৭/২০১৫-১৬**
**ফরম "ঘ"**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**
**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে বর্ণিত তফসিলে সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ১৯৮২ ইং সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ ইং সনের ২ নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া অনুমিত হইতেছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজাঃ ভবানীপুর, জে. এল. নং-১১০, উপজেলাঃ শিবগঞ্জ, জেলাঃ চাঁপাইনবাবগঞ্জ।

| আরএস খতিয়ান নং | আর. এস দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৭২৮ | ২৩২ | ০.১৮০০ |
| ৬৪৯ | ২৩৩ | ০.১১১৫ |
| ৩৩ | ২৩৪ | ০.০৭৭৫ |
| ৬৭৫ | ২৩৫ | ০.০৩১০ |
| | মোট | ০.৪০০০ একর |

জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এর এলএ শাখায় ভূমি নক্শা দেখা যাইতে পারে।

**মোহাম্মদ তৌফিকুল ইসলাম**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর**
**ভূমি অধিগ্রহণ শাখা**
**১৯৮২ সনের সম্পত্তি বাধ্যতামূলক অধিগ্রহণ**
**মামলা নং-০২/২০১৫-১৬**
**ফরম 'ঘ'**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**
**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, মেহেরপুর জেলায় মুজিবনগর টেকনিক্যাল স্কুল স্থাপন প্রকল্প নির্মাণের জন্য নিম্নতফসিল বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে এবং তদানুযায়ী ১৯৮২ ইং সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য করা হইয়াছে;

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের **১১** ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা: মেহেরপুর, উপজেলা: মুজিবনগর মৌজা: রামনগর, জে. এল. নং-২৬।

| খতিয়ান নং | দাগ নং | | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|---|
| | পূর্ণ | আংশিক | | |
| ৩৯৬ | | ৮৫৬ | ০.২১০০ | ০.০৬০০ |
| ৩৪৫ | | ৮৫৭ | ০.৩২০০ | ০.০৯০০ |
| ৩১ | ৮৫৮ | | ০.২৪০০ | ০.২৪০০ |
| ৬২২ | ৮৫৯ | | ০.২০০০ | ০.২০০০ |
| ১৬৮ | ৮৬০ | | ০.০৭০০ | ০.০৭০০ |
| | ৮৬১ | | ০.০৭০০ | ০.০৭০০ |
| | ৮৬২ | | ০.০৭০০ | ০.০৭০০ |
| ২১০ | ৮৬৩ | | ০.২০০০ | ০.২০০০ |
| ৬৬৪ | ৮৬৪ | | ০.৪৩০০ | ০.৪৩০০ |
| ১৬১ | | ৮৬৫ | ০.৬৩০০ | ০.০৬০০ |
| ৪৪১ | | ৮৬৬ | ০.৬৭০০ | ০.০১০০ |
| অধিগ্রহণকৃত মোট জমির পরিমাণ | | | | ১.৫০ একর |

অধিগ্রহণকৃত জমির অনুমোদনকৃত নক্সা এ কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যাইতে পারে।

**পরিমল সিংহ**
জেলা প্রশাসক।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**জকিগঞ্জ, সিলেট।**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২৭ অগ্রহায়ণ ১৪২৩/১১ ডিসেম্বর ২০১৬

**নং ০৫.৪৬.৯১৯৪.০০০.২০.০০৫.১৬.৭৬২(১২)**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ (ঙ) (২) ধারার প্রদত্ত ক্ষমতাবলে আমি মোহাম্মদ মোবাশশেরুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, জকিগঞ্জ, সিলেট এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জকিগঞ্জ উপজেলাধীন ০২ নং বীরশ্রী ইউনিয়নের নির্বাচিত চেয়ারম্যান জনাব মোঃ ইউনুছ আলী গত ০৮-১২-২০১৬ তারিখে মৃত্যুবরণ করেছেন (নিম্নস্বাক্ষকারীকে স্থানীয় ০২ নং বীরশ্রী ইউপি'র ১১-১২-২০১৬ খ্রি. তারিখের সিল/জকি/বীইপ/২০১৬/১২১ নং স্মারকে অবহিত করা হয়)। তাই উল্লিখিত বিধি মোতাবেক উক্ত ইউপি চেয়ারম্যান এর মৃত্যুজনিত কারণে ০২নং বীরশ্রী ইউনিয়নের নির্বাচিত চেয়ারম্যান পদটি ০৮-১২-২০১৬ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মোহাম্মদ মোবাশশেরুল ইসলাম**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**মীরসরাই, চট্টগ্রাম।**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১২ ডিসেম্বর ২০১৬

**নং ০০.৫০৪.০০২.০৪.১১.০০৫.২০১৬-১১৪৮**—চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলাধীন ০৪ নং ধুম ইউনিয়নের ০৪ নং ওয়ার্ডের সাধারণ আসনের নির্বাচিত সদস্য জনাব মোঃ আলাউদ্দিন, পিতা-জাকির হোসেন, গ্রাম-নাহেরপুর, উপজেলা-মীরসরাই, জেলা-চট্টগ্রাম গত ২৬-১১-২০১৬ খ্রি. তারিখ সকাল ৮.০০ ঘটিকায় মৃত্যুবরণ করায় (ইন্নালিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজেউন) আমি জিয়া আহমেদ সুমন, উপজেলা নির্বাহী অফিসার, মীরসরাই, চট্টগ্রাম স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(২) ধারায় বর্ণিত ক্ষমতাবলে মীরসরাই উপজেলার ০৪ নং ধুম ইউনিয়নের ০৪ নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদটি উক্ত মৃত্যুর তারিখ হতে শূন্য ঘোষণা করছি।

**জিয়া আহমেদ সুমন**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**চারঘাট, রাজশাহী।**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ০১ পৌষ ১৪২৩/১৫ ডিসেম্বর ২০১৬

**নং ০৫.৪৩.৮১২৫.০০০.১০.০১৭.১৬-১৩১২**—এতদ্বারা সর্ব-সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলা চারঘাট উপজেলাধীন ১নং ইউসুফপুর ইউনিয়ন পরিষদের ৬নং ওয়ার্ডের সাধারণ সদস্য জনাব মোঃ আঃ হান্নান, পিতা-মৃত খোস মহম্মদ, সাং-চক কাপাশিয়া উত্তরপাড়া, পোঃ-চৌমহনী বাজার, থানা-মতিহার, উপজেলা-চারধাট, জেলা-রাজশাহী গত ১৬-১১-২০১৬ খ্রি. তারিখ রাত ৮.৪৫ ঘটিকার সময় মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহে ........রাজেউন)।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৫(১) উপ-ধারা (ঙ) মোতাবেক আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ আব্দুস সামাদ, উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট, রাজশাহী ১নং ইউসুফপুর ইউনিয়ন পরিষদের ৬নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদটি ১৬-১১-২০১৬ খ্রি. তারিখ হতে শুন্য ঘোষণা করলাম।

**মোঃ আব্দুস সামাদ**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**জয়পুরহাট সদর, জয়পুরহাট।**

**ঘোষণা**

তারিখ, ২৭ ডিসেম্বর ২০১৬

**নং ০৫.৪৩.৩৮৪৭.০০০.০৩.০০১.২০১৬-১১১২**—সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপসচিব, স্থানীয় সরকার বিভাগ, ইপ-১ অধিশাখা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা, মহোদয়ের ১২-১২-২০১৬ খ্রি. তারিখের ৪৬.০০. ৩৮০০.০১৭.২৭.০০১.১৬.১০৬৫ স্মারক পত্রে জয়পুরহাট জেলা জয়পুরহাট সদর উপজেলাধীন ৭নং বম্বু ইউনিয়ন পরিষদের ৮নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ আবু হাসান, পিতা-মোঃ ওয়াজেদ আলী (তোরাফ) সাং-ধারকী এর বিরুদ্ধে দায়েরকৃত ৬১/২০০৮ নং ফৌজদারী মামলায় বিজ্ঞ দায়রা জজ আদালত, জয়পুরহাট কর্তৃক মৃত্যুদন্ড প্রদান করায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪) (খ) অনুযায়ী উক্ত সদস্যকে তার স্বীয় পদ হতে উল্লিখিত আইনের ৩৪(৫) ধারা মোতাবেক অপসারণ করায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা-৩৫ উপধারা (১) ও (২) এর আলোকে আমি মোঃ আমিনুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর, জয়পুরহাট অত্র উপজেলার ০৭ নং বম্বু ইউনিয়ন পরিষদের ০৮ নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদটি ১৮-৮-২০১৬ খ্রিঃ তারিখ হতে শুন্য ঘোষণা করলাম।

**মোঃ আমিনুল ইসলাম**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**কাউনিয়া, রংপুর।**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২৬ ডিসেম্বর ২০১৬

**নং ০৫.৫৫.৮৫০০.০৪২.০৩.০০৩.১৬-৯১৯**—এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রংপুর জেলাধীন কাউনিয়া উপজেলার ০৩ নং কুর্শা ইউনিয়ন পরিষদের নির্বাচিত সদস্য জনাব সুভাষ চন্দ্র বর্মন, পিতা-জোতিষ চন্দ্র বর্মন, গ্রাম-ক্ষিদ্রা উপনচৌকি, ডাকঘর-মীরবাগ, ওয়ার্ড নং ০৫, উপজেলা-কাউনিয়া, জেলা-রংপুর গত ২৩-১২-২০১৬ খ্রিঃ তারিখ বিকাল ০৩:১৫ ঘটিকায় হৃদরোগে আক্রান্ত হয়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাউনিয়া, রংপুরে মৃত্যুবরণ করেন। তার মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ধারা ৩৫ এর (২) উপ-ধারার ক্ষমতাবলে আমি দীপঙ্কর রায়, উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর এতদ্বারা উক্ত ইউপি সদস্যের মৃত্যুজনিত কারণে তাঁর মৃত্যুর তারিখ অর্থাৎ ২৩-১২-২০১৬ খ্রিঃ তারিখ হতে উক্ত ০৩ নং কুর্শা ইউনিয়ন পরিষদের ০৫ নং ওয়ার্ডের ইউপি সদস্যের পদটি শুন্য ঘোষণা করলাম।

**দীপঙ্কর রায়**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১৪ ডিসেম্বর ২০১৬

**নং ০৫.৫৫.৯৪৮২.০০৩.০৮.০০৮.১৬-১০০২**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(১)(ঙ) ধারা অনুযায়ী এবং উক্ত আইনের ৩৫(২) ধারার অর্পিত ক্ষমতাবলে আমি এবিএম ইফতেখারুল ইসলাম খন্দকার, উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রচার করছি যে, এ উপজেলার ৬নং পীরগঞ্জ ইউনিয়ন পরিষদের ১নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য জনাব মোহাম্মদ আলী, পিতা-মৃত গফুর উদ্দীন, গ্রাম-নারায়নপুর (শেখপাড়া), ডাকঘর-নারায়নপুর, উপজেলা-পীরগঞ্জ, জেলা-ঠাকুরগাঁও গত ১০-১২-২০১৬ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেছেন।

অতএব, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(২) ধারা মতে তাঁর মৃত্যুর তারিখ হতে সংশ্লিষ্ট সদস্য পদটি শুন্য হিসেবে ঘোষণা করা হলো।

**এবিএম ইফতেখারুল ইসলাম খন্দকার**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**বাংলাদেশ হাই- টেক পার্ক কর্তৃপক্ষ**
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**
**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৮ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিঃ

**নং ৫৬.০২.০০০০.০০৬.১৮.১২১.১৬-১৯২**—বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ এর ২২ ধারার ক্ষমতাবলে বে-সরকারি সফটওয়্যার টেকনোলজি পার্ক স্থাপন সংক্রান্ত গাইড লাইন এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা এর সাথে সামঞ্জস্যতা বিবেচনায় রেখে নিম্নলিখিত শর্তে Service Solutions Pvt. Ltd. BNS Center, 6th, 11th & 12th Floor, Plot-87, Dhaka Mymensingh Road, Section-7, Uttara, Dhaka-1230 কে অস্থায়ী ভিত্তিতে "বে-সরকারী সফটওয়্যার টেকনোলজি পার্ক" ঘোষণা করা হলো :

**শর্তাবলী :**

(১) Service Solutions Pvt. Ltd. সকল সময় বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ বে-সরকারি এসটিপি গাইডলাইন এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন এর আওতায় প্রণীত সকল বিধি, প্রবিধি, গাইডলাইন এবং এ সংক্রান্ত সময় সময় সরকার কর্তৃক প্রবর্তিত অন্যান্য বিধি নির্দেশাবলী প্রতিপালন করতে বাধ্য থাকবে।

(২) ঘোষিত এ পার্কে বিনিয়োগের জন্য Service Solutions Pvt. Ltd. প্রয়োজনীয় শর্তাদি পূরণ করলে সরকার কর্তৃক প্রদত্ত সকল প্রণোদনা সুবিধা প্রাপ্ত হবে।

(৩) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের লিখিত অনুমতি ব্যতীত Service Solutions Pvt. Ltd. পার্ক অনুমতিপত্রে বর্ণিত স্থানের সম্পূর্ণ বা কোন অংশ তৃতীয় পক্ষের নিকট হস্তান্তর বা স্থানান্তর করতে পারবে না।

(৪) Service Solutions Pvt. Ltd. কোন নিষিদ্ধ, বে-আইনী বা অবৈধ কার্যক্রমের সাথে জড়িত হতে পারবে না।

(৫) Service Solutions Pvt. Ltd. অর্থ বিভাগ কর্তৃক পার্ক অনুমতিপত্রের জন্য নির্ধারিত ফি পরিশোধ করতে বাধ্য থাকবে।

(৬) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর যে কোন কর্মকর্তা/কর্মচারী যে কোন সময় Service Solutions Pvt. Ltd. এর কার্যক্রম বা আবেদনপত্রে বর্ণিত তথ্যাদির বিষয়ে ঘোষিত পার্কটি পরিদর্শন করতে পারবে।

(৭) অনুচ্ছেদ ৩ ও ৪ নং শর্তে বর্ণিত বিধান লংঘন করলে পার্ক অনুমতিপত্র স্বয়ংক্রিয়ভাবে প্রত্যাহত বলে গণ্য হবে এবং Service Solutions Pvt. Ltd. এর বিরুদ্ধে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ শাস্তিমূলক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

(৮) Service Solutions Pvt. Ltd. ০১ (এক) বছরের মধ্যে প্রয়োজনীয় সকল শর্ত পূরণে ব্যর্থ হলে পূর্বে গৃহীত সকল প্রকার আর্থিক সুযোগ-সুবিধা সরকারকে ফেরত দিতে বাধ্য থাকিবে।

(৯) Service Solutions Pvt. Ltd. বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, বিধি, প্রবিধি, সরকার বা কর্তৃপক্ষের কোন আদেশ বা নির্দেশনা পুনঃ পুনঃ লংঘন করলে বা আবেদনপত্রে কোন অসত্য তথ্য প্রদান করে থাকলে কারণ দর্শানোর সুযোগ দিয়ে কর্তৃপক্ষ পার্ক অনুমতিপত্র বাতিল, প্রত্যাহার বা কোন অংশ প্রত্যাহার করতে পারবে।

(১০) Service Solutions Pvt. Ltd. কে সাময়িকভাবে ০১ (এক) বছরের জন্য বে-সরকারী সফটওয়্যার টেকনোলজি পার্ক হিসেবে ঘোষণা করা হলো। তবে উক্ত সময়ের মধ্যে Service Solutions Pvt. Ltd. কে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনা এবং বে-সরকারী সফটওয়্যার টেকনোলজি পার্ক গাইড লাইন মোতাবেক সকল শর্ত পূরণ সাপেক্ষে স্থায়ীভাবে বে-সরকারী সফটওয়্যার টেকনোলজি পার্ক ঘোষণা করা হবে।

(১১) এ ঘোষণাপত্র আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

**হোসনে আরা বেগম,** এনডিসি
ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত সচিব)।